# B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## Subject : History

## Course : DSE-1

## (Life and Culture in Pre-colonial Bengal: Pre-historic Times to Mid 18th Century)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*The figures in the margin indicate full marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

1. Answer *any ten* of the following questions, each in more than one sentence: 2×10=20

নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও। প্রতিটি উত্তর একাধিক বাক্যে লিখতে হবে।

(a) How did the name 'Bangal' take shape?
'বঙ্গাল' নাম কী করে হয়েছে?

(b) Which ancient Janapadas of Bengal, according to the Mahabharata, were conquered by the Second Pandava, Bhima?
মহাভারত অনুসারে দ্বিতীয় পাণ্ডব ভীম প্রাচীন বাংলার কোন কোন জনপদ জয় করেছিলেন?

(c) Write the names of two places of West Bengal, where the artifacts of the Iron Age have been found.
পশ্চিমবঙ্গের এমন দুটি স্থানের নাম লেখো যেখানে লৌহযুগের নিদর্শন আবিষ্কৃত হয়েছে।

(d) Which Jain saint first visited the Rarh region? What kind of treatment did he receive from the people of Rarh?
কোন জৈন সাধক প্রথম রাঢ় অঞ্চল ভ্রমণ করেছিলেন? অধিবাসীদের কাছ থেকে তিনি কীরূপ ব্যবহার লাভ করেছিলেন?

(e) Mention the original homelands of the Palas and Senas.
পাল ও সেনদের আদি বাসস্থান উল্লেখ করো।

(f) What is a Bhukti? Write the name of two Bhuktis of Bengal during the Pala reign.
ভুক্তি কী? পাল শাসনকালে বাংলার দুটি ভুক্তির নাম লেখ।

(g) What is Kaivata Revolt?
কৈবর্ত বিদ্রোহ কী?

(h) What is 'Pancha Gauḍa'?
'পঞ্চগৌড়' কী?

(i) Who was Jayadev?
জয়দেব কে ছিলেন?

(j) Who occupied Bengal after defeating Lakshmana Sena and in which year?
কে লক্ষ্মণসেনকে পরাজিত করে বাংলা অধিকার করেছিলেন এবং কোন বছর?

(k) Who was honoured with the title 'Gunaraj Khan'? Which ruler of Bengal bestowed the title on him and why?
কে গুণরাজ খাঁ উপাধি লাভ করেছিলেন? বাংলার কোন্ শাসক তাকে এই উপাধি প্রদান করেছিলেন এবং কেন?

(l) Who initiated the Nawabi regime in Bengal and in which year?
বাংলায় নবাবী শাসনের সূত্রপাত কে করেছিলেন এবং কোন বছর?

(m) Define the difference between Darga and Khankah.
দরগা ও খানকা-র মধ্যে পার্থক্য নির্দেশ করো।

(n) What is 'Maljamini system'?
'মালজামিনী ব্যবস্থা' কী?

(o) What do you mean by 'Lokgiti' and 'Loknatya'?
'লোকগীতি' ও 'লোকনাট্য' বলতে কী বোঝো?

2. Answer *any four* of the following questions: 5×4=20
নীচের *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(a) Write short notes on the Vanga and the Rarh janapadas of ancient Bengal.
প্রাচীন বাংলার বঙ্গ ও রাঢ় জনপদ সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।

(b) What do you mean by Aryanization of Bengal? Explain in brief the historical processes of Aryanization of Bengal.
বাংলার আর্যীকরণ বলতে কী বোঝো? বাংলার আর্যীকরণের ঐতিহাসিক পদ্ধতিগুলি সংক্ষেপে ব্যাখ্যা করো।

(c) Point out the main features of temple architecture of Bishnupur.
বিষ্ণুপুরের মন্দির স্থাপত্যের প্রধান বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।

(d) Discuss briefly the causes behind the expansion of Islam in Bengal.
বাংলায় ইসলাম বিস্তারের পশ্চাতে কারণগুলি সংক্ষেপে আলোচনা কর।

(e) Write a short note on trade and commerce of Bengal during the Mughal period.
মুঘল শাসনকালে বাংলার ব্যবসাবাণিজ্যের উপর একটি সংক্ষিপ্ত টীকা লেখো।

(f) How did Murshidabad emerge as a city?
নগরী হিসাবে মুর্শিদাবাদের উত্থান কীভাবে হয়েছিল?

3. Answer *any two* of the following questions: 10×2=20
নীচের *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(a) Trace the ethnic identity of the Bengalees.
বাঙালিদের নৃতাত্ত্বিক পরিচয় অনুসন্ধান করো।

(b) Evaluate the role of Śaśāṅka as the founder of united state of Bengal.
ঐক্যবদ্ধ বাংলা রাষ্ট্রের প্রতিষ্ঠাতা হিসাবে শশাঙ্কের ভূমিকার মূল্যায়ন করো।

(c) Write an essay on the mosques constructed during the Hussain Shahi period.
হুসেন শাহী শাসনকালে নির্মিত মসজিদগুলি সম্পর্কে একটি প্রবন্ধ রচনা করো।

(d) Discuss the development of the Bengali literature from the time of Charyapada to Mangal Kavyas.
চর্যাপদ থেকে মঙ্গলকাব্য অবধি সময়ে বাংলা সাহিত্যের বিকাশ সম্বন্ধে আলোচনা করো।

———

# B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## Subject : History

## Course : DSE-2

## [Life and Culture in Colonial Bengal : (1757-1947)]

**Time: 3 Hours** **Full Marks: 60**

*The figures in the margin indicate full marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

1. Answer *any ten* of the following questions: 2×10=20
নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাওঃ

(a) What is 'Black Hole Tragedy'?
'অন্ধকূপ হত্যা' কী?

(b) Mention two main causes of the decline of the old urban centres in colonial Bengal.
ঔপনিবেশিক বাংলায় প্রাচীন নগর কেন্দ্রগুলির অবক্ষয়ের দুটি প্রধান কারণ উল্লেখ করো।

(c) Who were known as 'Young Bengal'?
'নব্য বঙ্গ' নামে কারা পরিচিত ছিলেন?

(d) When did The Indigo Revolt start in Bengal? Who were the main leaders of the Revolt?
বাংলায় কখন নীল বিদ্রোহ শুরু হয়? এই বিদ্রোহের প্রধান নেতা কারা ছিলেন?

(e) When was the Hindu College founded? By what name was the college later known?
হিন্দু কলেজ কবে প্রতিষ্ঠিত হয়? পরবর্তীকালে কলেজটি কী নামে পরিচিত হয়?

(f) What do you mean by the 'Filtration Theory'?
চুঁইয়ে পড়ার নীতি বা 'পরিস্রাবণ তত্ত্ব' বলতে কী বোঝো?

(g) When and by whom was 'Sati' banned in Bengal?
কখন, কার দ্বারা বাংলায় 'সতী' প্রথা নিষিদ্ধ হয়?

(h) What do you mean by Constructive Swadeshi in the anti-Partition movement in Bengal?
বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে গঠনমূলক স্বদেশি বলতে কী বোঝো?

(i) Who was the author of 'Strishiksha Vidhayak'? What is the subject matter of the book?
'স্ত্রীশিক্ষা বিধায়ক'-এর লেখক কে? বইটির বিষয়বস্তু কী?

(j) Why is Begum Rokeya famous?
বেগম রোকেয়া কেন বিখ্যাত?

(k) Write the names of four famous 'Kabiyals' of colonial Bengal.
ঔপনিবেশিক বাংলার চারজন বিখ্যাত কবিয়ালের নাম লেখো।

(l) Define 'Loko Dharma'.
'লোক ধর্ম'-এর সংজ্ঞা দাও।

(m) When and by whom was the R. G. Kar Medical School founded?
কখন এবং কার দ্বারা আর. জি. কর মেডিক্যাল স্কুল প্রতিষ্ঠিত হয়?

(n) Who were the editors of *Ajijan Nehar* and *Akhbar-e-Islamia*?
আজিজান নেহার ও আখবার-এ-ইসলামিয়া পত্রিকা দুটির সম্পাদক কারা ছিলেন?

(o) When was the *Kala Bhavana* founded at Santiniketan? Whom did Rabindranath appoint to teach European Art in *Kala Bhavana* in 1922?
শান্তিনিকেতনে কবে কলা ভবন প্রতিষ্ঠিত হয়? 1922 খ্রিস্টাব্দে পাশ্চাত্য শিল্পকলা শেখানোর জন্য রবীন্দ্রনাথ কাকে নিযুক্ত করেন?

2. Answer *any four* of the following questions: 5×4=20
*যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ*

(a) Examine the impact of Dual Government in Bengal (1765-72).
বাংলায় দ্বৈত শাসন ব্যবস্থার (1765-72) প্রভাব পরীক্ষা করো।

(b) Compare the reaction of the Bengali intelligentsia towards Indigo Revolt and Pabna Uprising.
নীল বিদ্রোহ ও পাবনা বিদ্রোহের ক্ষেত্রে বাঙালি বুদ্ধিজীবী সম্প্রদায়ের প্রতিক্রিয়ার তুলনামূলক আলোচনা করো।

(c) Who were known as '*Bhadralok*' in colonial Bengal? Trace the characteristics of this category.
ঔপনিবেশিক বাংলায় 'ভদ্রলোক' নামে কারা পরিচিত ছিলেন? এই শ্রেণির বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।

(d) Critically analyse the role of the Christian Missionaries in the spread of western education in Bengal.
বাংলায় পাশ্চাত্য শিক্ষার বিস্তারে খ্রিস্টান মিশনারিদের ভূমিকা পর্যালোচনা করো।

(e) Write a short note on the 'Kartabhaja' Sect.
'কর্তাভজা' সম্প্রদায় সম্বন্ধে একটি টীকা লেখো।

(f) Write a short note on the Bengal Famine of 1943.
১৯৪৩-এর বাংলার দুর্ভিক্ষের ওপর একটি সংক্ষিপ্ত টীকা লেখো।

3. Answer *any two* of the following questions: 10×2=20
*নীচের যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ*

(a) Write an essay on the growth of women education in colonial Bengal.
ঔপনিবেশিক বাংলায় স্ত্রীশিক্ষার বিকাশ সম্বন্ধে একটি প্রবন্ধ রচনা করো।

(b) Assess the role of Iswarchandra Vidyasagar in the social reforms of nineteenth century Bengal.
উনিশ শতকের বাংলার সমাজ সংস্কারের ক্ষেত্রে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান মূল্যায়ন করো।

(c) Write an essay on the influence of nationalism on the Bengali theatre in the 20th century.
বিংশ শতাব্দীতে বাংলা থিয়েটারের উপর জাতীয়তাবাদের প্রভাব বিষয়ে একটি প্রবন্ধ লেখো।

(d) Explain the stages of evolution of Bengali songs in colonial Bengal.
ঔপনিবেশিক বাংলায় বাংলা গানের বিবর্তনের বিভিন্ন স্তরগুলি ব্যাখ্যা করো।

———

# B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## Subject : History

## Course : CC-XI

## [History of Modern Europe (1789–1870)]

**Time: 3 Hours** **Full Marks: 60**

*The figures in the margin indicate full marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

1. Answer *any ten* of the following questions, each in more than one sentence: 2×10=20

নীচের প্রশ্নগুলির মধ্যে *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর লেখো। প্রতিটি উত্তর একাধিক বাক্যে লিখতে হবে ঃ

(a) Determine the difference between the 'Nobility of Sword' and the 'Nobility of Robe'.
'অসিধারী অভিজাত' ও 'পোশাকী অভিজাত'-র মধ্যে পার্থক্য নির্ণয় করো।

(b) What is meant by 'Letters de Cachet'?
'লৎর দ্য কাশে' বলতে কী বোঝায়?

(c) Who commented, "Liberty, how many crimes are committed in thy name!" and when?
"হে স্বাধীনতা, তোমার নামে কত অপরাধই না সংঘটিত হচ্ছে।"—কে, কখন মন্তব্যটি করেছিলেন?

(d) What was Lycee?
লিসে কী?

(e) What do you understand by 'scorched earth policy'? Which country followed it against Napoleon's army?
'পোড়ামাটির নীতি' বলতে কী বোঝ? নেপোলিয়ানের সেনাবাহিনীর বিরুদ্ধে কোন দেশ এটি অনুসরণ করেছিল?

(f) Who were the 'Big Four' in the Treaty of Vienna? Name the countries they represented.
ভিয়েনা চুক্তিতে 'বড় চারজন' কারা ছিলেন? যেসব দেশের তাঁরা প্রতিনিধিত্ব করেছিলেন সেগুলোর নাম লেখো।

(g) What do you mean by 'Holy Alliance'?
'পবিত্র চুক্তি' বলতে তুমি কী বোঝো?

(h) What was the 'Reform Banquet'?
'সংস্কারের ভোজসভা' কী?

(i) Why is the February Revolution called 'a 'Revolution of the Intellectuals'?

কেন ফেব্রুয়ারি বিপ্লবকে 'বুদ্ধিজীবীদের বিপ্লব' বলা হয়?

(j) What is the notion of 'Leading Sector' in the study of Industrial Revolution?

শিল্পবিপ্লবের চর্চায় 'অগ্রণী ক্ষেত্র' ধারণাটি কী?

(k) Where and in which year was the King of Prussia proclaimed as the German Emperor?

প্রাশিয়ার রাজাকে কোথায় এবং কত খ্রিস্টাব্দে জার্মান সম্রাট হিসেবে ঘোষণা করা হয়েছিল?

(l) Who were the President of the Second Republic and Emperor of the Second Empire in France?

ফ্রান্সে দ্বিতীয় প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি এবং দ্বিতীয় সাম্রাজ্যের সম্রাট কারা ছিলেন?

(m) When and between whom was the Treaty of Cobden signed?

কবডেন চুক্তি কখন এবং কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল?

(n) What do you mean by the 'Eastern Question'?

'পূর্বাঞ্চল সমস্যা' বলতে কী বোঝ?

(o) What was Pan-Slav Movement?

সর্ব-স্লাভ আন্দোলন কী ছিল?

2. Answer *any four* of the following questions: 5×4=20

নীচের প্রশ্নগুলির মধ্যে *যে কোনো চারটি* উত্তর লেখো :

(a) How would you justify the Reign of Terror?

তুমি কীভাবে সন্ত্রাসের শাসনের যৌক্তিকতা বিচার করবে?

(b) What was the Continental System? How did it expedite the downfall of Napoleon?

মহাদেশীয় ব্যবস্থা কী? নেপোলিয়নের পতনকে এটি কীভাবে ত্বরান্বিত করেছিল?

(c) What was the principle of Legitimacy adopted in the Congress of Vienna in 1815? Was the principle honestly applied to all concerned States by the diplomats assembled at Vienna?

১৮১৫-র ভিয়েনা কংগ্রেসে গৃহীত বৈধতার নীতিটি কী ছিল? ভিয়েনায় সমবেত কূটনীতিকরা সংশ্লিষ্ট সমস্ত রাষ্ট্রের ক্ষেত্রেই কী নীতিটিকে সততার সঙ্গে প্রয়োগ করেছিলেন?

(d) What was the economic impact of the Industrial Revolution?

শিল্পবিপ্লবের অর্থনৈতিক প্রভাব কী ছিল?

(e) Review Mazzini's contribution to the unification of Italy.

ইতালির ঐক্যসাধনে মাৎসিনির অবদান পর্যালোচনা করো।

(f) What was the significance of Crimean War?

ক্রিমিয়ার যুদ্ধের তাৎপর্য কী ছিল?

3. Answer *any two* of the following questions:

নীচের প্রশ্নগুলির মধ্যে *যে কোনো দু'টির* উত্তর লেখো: 10×2=20

(a) Was the contribution of the Philosophers in the French Revolution of 1789 'remote and indirect'?

১৭৮৯-এর ফরাসি বিপ্লবে দার্শনিকদের অবদান কি 'দূরবর্তী ও পরোক্ষ' ছিল?

(b) Briefly discuss the stages of the Greek War of Independence.

গ্রিসের স্বাধীনতা সংগ্রামের বিভিন্ন পর্যায়গুলি সংক্ষেপে আলোচনা করো।

(c) Write an essay on early Utopian Socialism.

প্রারম্ভিক পর্বের ইউটোপীয় সমাজতন্ত্র সম্পর্কে একটি প্রবন্ধ রচনা করো।

(d) How did Bismarck unify Germany?

বিসমার্ক কীভাবে জার্মানিকে ঐক্যবদ্ধ করেছিলেন?

———

# B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## Subject : History

## Course : CC-XII

## [Studying History Writing: Indian and Western]

**Time: 3 Hours** **Full Marks: 60**

*The figures in the margin indicate full marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

1. Answer *any ten* of the following questions, each in more than one sentence: 2×10=20

নীচের প্রশ্নগুলির মধ্যে *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর লেখো। প্রতিটি উত্তর একাধিক বাক্যে লিখতে হবে ঃ

(a) What is historiography?
ইতিহাসচর্চা কী?

(b) Name the four ages as mentioned in the Brahmanical tradition.
ব্রাহ্মণ্য ঐতিহ্যানুসারে চারটি যুগের নাম লেখো।

(c) What do you understand by secondary sources in historical research?
ঐতিহাসিক গবেষণায় পরোক্ষ (সহায়ক) উপাদান বলতে কী বোঝো?

(d) Write the name of any one historian associated with the Cambridge School and mention the name of a book written by him.
কেম্ব্রিজ গোষ্ঠীর সঙ্গে যুক্ত যে কোনো একজন ঐতিহাসিকের নাম লেখো। তাঁর লেখা একটি গ্রন্থের উল্লেখ করো।

(e) Who are the authors of 'What is History' and 'The Idea of History'?
'What is History' এবং 'The Idea of History' গ্রন্থদ্বয়ের লেখক কারা?

(f) Name two Marxist historians of West.
পশ্চিমের দু-জন মার্কসবাদী ঐতিহাসিকের নাম লেখো।

(g) Who was the father of the Positivist Historiography? Who was Johann Gottfried Herder?
প্রত্যক্ষবাদী ইতিহাসচর্চার জনক কে ছিলেন? জোহান গটফ্রিড হার্ডার কে ছিলেন?

(h) What do you understand by the term 'History from below'?
'History from below' বলতে তুমি কী বোঝো?

(i) Define 'Longue Durée' (Long duration).

'Longue Durée' (Long duration)-র সংজ্ঞা দাও।

(j) Who wrote the essay 'Can the Subaltern Speak?' In which year?

'Can the Subaltern Speak?'—এই প্রবন্ধ কে রচনা করেন এবং কত সালে?

(k) What is historical objectivity?

ঐতিহাসিক বস্তুনিষ্ঠতা কী?

(l) What is Plagiarism?

কুম্ভীলকবৃত্তি কী?

(m) What do you mean by APA style in historical research?

ঐতিহাসিক গবেষণায় APA শৈলী বলতে তুমি কী বোঝো?

(n) Give two reasons to consider History as a Science.

ইতিহাসকে বিজ্ঞান হিসেবে বিবেচনা করার ক্ষেত্রে দুটি কারণ দেখাও।

(o) What is Digital history?

ডিজিটাল হিস্ট্রি কী?

2. Answer *any four* of the following questions: 5×4=20

নীচের প্রশ্নগুলির মধ্যে *যে কোনো চারটির* উত্তর লেখো :

(a) Explain the importance of historiography in studying history.

ইতিহাস অধ্যয়নে ইতিহাসচর্চার গুরুত্ব ব্যাখ্যা করো।

(b) Explain the importance of 'Rajatarangini' in reconstructing the early medieval Indian history.

আদি-মধ্যকালীন ভারতীয় ইতিহাস পুনর্নির্মাণে 'রাজতরঙ্গিনী'-র গুরুত্ব ব্যাখ্যা করো।

(c) Point out the salient features of nationalist historiography of India.

ভারতের জাতীয়তাবাদী ইতিহাসচর্চার প্রধান বৈশিষ্ট্যগুলি ব্যক্তি করো।

(d) How far is objectivity in history writing possible?

ইতিহাস রচনার মধ্যে বস্তুনিষ্ঠতা কতদূর সম্ভব?

(e) How is history related to anthropology?

ইতিহাস কীভাবে নৃতত্ত্বের সঙ্গে সম্পর্কযুক্ত?

(f) Describe the importance of bibliography in a research thesis.

একটি গবেষণা অভিসন্দর্ভে গ্রন্থপঞ্জির গুরুত্ব বর্ণনা করো।

3. Answer *any two* of the following questions: $10 \times 2 = 20$

নিম্নলিখিত *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাওঃ

(a) How would you explain the cyclical and linear notion of time in history?

ইতিহাসে চক্রাকার এবং রৈখিক সময়ের ধারণাকে তুমি কীভাবে ব্যাখ্যা করবে?

(b) Discuss the important features of Subaltern historiography.

নিম্নবর্গীয় ইতিহাসচর্চার গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(c) Discuss the views of Annales School of historians.

অ্যানাল গোষ্ঠীর ঐতিহাসিকদের মতামত আলোচনা করো।

(d) Examine the importance of oral Sources in historical research.

ঐতিহাসিক গবেষণায় মৌখিক উপাদানের গুরুত্ব পরীক্ষা করো।